# প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী হিসেবে নিয়োগ পেলেন রাশেদ খাঁন



রাশেদ খান। ছবি: সংগৃহীত

বিএনপি নেতা রাশেদ খাঁনকে সচিব পদমর্যাদায় প্রধানমন্ত্রী তারেক রহমানের রাজনৈতিক সহকারী হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। এ লক্ষ্যে রবিবার (১৯ জুলাই) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়।

সোমবার (২০ জুলাই) নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে এক পোস্টে বিষয়টি নিশ্চিত করেন রাশেদ খাঁন। পোস্টের সঙ্গে তিনি নিয়োগ-সংক্রান্ত প্রজ্ঞাপনের কপিও প্রকাশ করেন।

ফেসবুক পোস্টে তিনি লেখেন, প্রধানমন্ত্রী তাকে সচিব পদমর্যাদায় রাজনৈতিক সহকারী হিসেবে নিয়োগ দিয়েছেন। এ জন্য তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। একই সঙ্গে বিএনপির চেয়ারম্যান হিসেবে তারেক রহমানের নেতৃত্বের প্রতিও শ্রদ্ধা প্রকাশ করেন।

রাশেদ খাঁন আরও বলেন, নতুন এই দায়িত্ব সততা, আস্থা ও নিষ্ঠার সঙ্গে পালন করতে তিনি সবার দোয়া ও ভালোবাসা কামনা করছেন। জীবনের নতুন অধ্যায়ে দেশবাসীর সহযোগিতা ও সমর্থনও প্রত্যাশা করেন তিনি।

LENS ASIA